অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত গুরুতর নিয়ম লঙ্ঘনের অভিযোগে নিউ ইয়র্ক সিটির 38টি অতিরিক্ত বারের লিকার লাইসেন্স স্থগিত করার কথা ঘোষণা করেছেন

মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স গত সপ্তাহে প্রায় 7,000 কমপ্লায়েন্স চেক পরিচালনা করেছে, এবং 162টি লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে

নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে পানশালার জন্য নতুন স্থগিতাদেশ

COVID-19 বিশ্বব্যাপি মহামারীর সময় 132টি লাইসেন্স স্থগিত করা হয়েছে এবং 707টি অভিযোগ দায়ের করা হয়েছে - হালনাগাদ করা তালিকা এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বিশ্বব্যাপী মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ গুরুতরভাবে লঙ্ঘনের অভিযোগে রাজ্য নিউ ইয়র্ক সিটির 38টি অতিরিক্ত বারের লিকার লাইসেন্স স্থগিত করেছে। গত সপ্তাহ জুড়ে, রাজ্যের পুলিশ (State Police) এবং স্টেট লিকার অথরিটির (State Liquor Authority, SLA) নেতৃত্বে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স 6,887টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে 162টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে লঙ্ঘন নথিভুক্ত করে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

"নিউ ইয়র্কবাসীদের কঠোর পরিশ্রমকে ধন্যবাদ, আমরা দেশের সর্বনিম্ন সংক্রমণের হার অর্জন করেছি এবং বজায় রেখেছি, কিন্তু এখন আমাদের সতর্কতা কমানোর সময় নয়। আমরা মুষ্টিমেয় কিছু খারাপ বা বেপরোয়া ব্যবসাকে নিউ ইয়র্কের অগ্রগতিকে থামাতে বা উল্টে দিতে দেব না," **গভর্নর কুওমো বলেন।** "এটা বলবৎ করার ব্যাপার, আর যখন রাজ্যের তদন্তকারীরা নিরলসভাবে কাজ করছে অনুবর্তীতা বলবত করার জন্য, তখন স্থানীয় সরকারগুলিকে এগিয়ে আসতে হবে এবং তাদের কাজ করার জন্য।"

স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন: "টাস্ক ফোর্স জনগণের স্বাস্থ্য রক্ষার জন্য কঠোর পরিশ্রম করেছে এবং এই প্রতিষ্ঠানগুলোকে, যারা মনে করে যে তারা আইনের ঊর্ধ্বে

এবং এই মহামারী থেকে মুক্ত, তাদের নিউ ইয়র্কবাসীদের জীবন বিপন্ন করার জন্য দায়বদ্ধ করবে।"

স্টেট লিকর অথরিটি বোর্ড (State Liquor Authority Board) যে 38টি প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক স্থগিতাদেশের জরুরী আদেশ জারি করে সেগুলি নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে অবস্থিত, যার মধ্যে আছে:

বঙ্কস - 7
ব্রুকলিন - 6
ম্যানহাটন - 12
কুইন্স - 10
স্ট্যাটেন আইল্যান্ড - 2
নাসাউ - 1

5 আগস্ট ও 6 আগস্ট, 7 আগস্ট, 8 আগস্ট, 9 আগস্ট এবং 10 আগস্ট তারিখে পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্থগিতাদেশগুলি জারি করেন যা সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিওর মাধ্যমে সংঘটিত হয়।

যখন SLA একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরী তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরী স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের কাছে একটি দ্রুত শুনানির অধিকার রাখেন।

যে বারগুলোকে স্থগিতাদেশ জারি করা হয়েছে সেগুলো নিচে তালিকাভুক্ত করা হল, সেই সাথে তাদের লঙ্ঘন এবং তাদের স্থগিতাদেশের তারিখ সম্পর্কে তথ্য সহ।

11 আগস্ট 2020 তারিখে কুইন্সের 38-19 69তম স্ট্রিটে "এল ট্রোনো ডি মেক্সিকো স্পোর্টস বার"
10 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের বাইরে চারটি পৃথক টেবিলে খাবার ছাড়া অ্যালকোহল বিক্রি হতে দেখেন যা অন্যান্য রাজ্যের মত COVID-19 বেড়ে ওঠা প্রতিরোধ করার জন্য ভিড় এবং মেলামেশা এড়ানোর নির্দেশিকার প্রয়োজনীয়তা লঙ্ঘন করে।

11 আগস্ট 2020 তারিখে কুইন্সের 88-11 রুজেভেল্ট অ্যাভিনিউতে অবস্থিত "এল মার্কেজ"
10 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের বাইরে তিনটি পৃথক টেবিলে খাবার ছাড়া অ্যালকোহল বিক্রি করতে দেখেন যা খাদ্য প্রয়োজনীয়তার নির্দেশিকা লঙ্ঘন করে। একজন কারাওকে গায়ক সহ দুইজন পৃষ্ঠপোষককে মুখের আবরণ ছাড়া দাঁড়িয়ে মদ্যপান করতে দেখা গেছে। ওয়েটিং স্টাফের একজন সদস্যকেও মুখের আবরণ ছাড়াই দেখা গেছে। এই

ব্যবসাটি এই অপরাধ আগেও করেছেন, যেখানে তদন্তকারীরা 25 জুলাই তারিখে NYC এর রাত 11-টার কার্ফিউ এর সময় অতিক্রম করে পৃষ্ঠপোষকদের বাইরে মদ্যপান করতে এবং জড়ো হতে দেখেন। তদন্তকারীরা এছাড়াও চারজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়া এবং রান্নাঘর বন্ধ অবস্থায় পান।

10 আগস্ট 2020 তারিখে ব্রঙ্কসের 1951 সাউদার্ন বুলেভার্ডে "880 রয়েস রেস্টুরেন্ট এন্ড বার"
9 আগস্ট তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা অন্তত এক ডজন পৃষ্ঠপোষককে রেস্টুরেন্টের সামনে দলবদ্ধভাবে দাঁড়িয়ে থাকতে দেখেন মুখের আবরণ ছাড়া, টেবিলে বসে থাকা পৃষ্ঠপোষকদের কাছাকাছি। 16 মার্চ 2020 থেকে কার্যকর আভ্যন্তরীণ খাওয়া-দাওয়ার বিধিনিষেধ লঙ্ঘন করে এবং SLA এবং DOH এর স্পষ্ট নির্দেশের বিরুদ্ধে একজন পৃষ্ঠপোষককে প্রাঙ্গণের ভেতরে মদ্যপান করতে দেখা যায়। তদন্তকারীরা দুজন কর্মচারীকে মুখের আবরণ না পরার কথাও নথিভুক্ত করেছেন।

10 আগস্ট 2020 তারিখে ব্রঙ্কসের 1322A জেরোম এভিনিউতে "অ্যাঞ্জিওলিনা'স রেস্টুরেন্ট"
9 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা এগারোজন পৃষ্ঠপোষককে খাওয়া-দাওয়া এবং মদ্যপান করতে দেখেন, যাদের অনেকেই 16 মার্চ 2020 এর গভর্নরের নির্বাহী আদেশ চরমভাবে লঙ্ঘন করে ভবনের ভেতরে কাঁধে কাঁধ মিলিয়ে মদ্যপান করছিলেন। প্রাথমিকভাবে তারা সবাই কর্মচারী দাবি করার পর, ম্যানেজার স্বীকার করেন যে তারা সত্যিই পৃষ্ঠপোষক, যখন কেউ তাদের কর্মসংস্থানের কোন প্রমাণ দিতে সক্ষম হননি।

10 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 3775 10তম এভিনিউতে "ব্রাসিয়ার সেভিচে ওয়াইন বার"
৮ আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স এবং NYPD-র আধিকারিকরা রেস্টুরেন্টের বাইরে একটি DJ-কে অত্যন্ত জোরে বাজাতে দেখেন, যা শব্দ সংক্রান্ত লাইসেন্সধারীর সম্মত শর্ত লঙ্ঘন করে, এক নাইটক্লাবের মত পরিবেশ তৈরি করে যেখানে পনেরজন পৃষ্ঠপোষক ভবনের সরাসরি সামনে জড়ো হয়ে মদ্যপান করছিলেন। তদন্তকারীরা রান্নাঘরের কর্মীদের দুইজন সদস্য এবং রেস্টুরেন্টের ভেতরে দুইজন পৃষ্ঠপোষককে মুখের আবরণ ছাড়াই নথিভুক্ত করে। প্রতিষ্ঠানটিকে অবৈধভাবে হুঁকা বিক্রি করতে দেখা গেছে, যার মধ্যে নিকোটিন হুঁকাও আছে, যা এমনকি বৈধ হুঁকা পারমিট থাকা সত্ত্বেও নিষিদ্ধ।

10 আগস্ট 2020 তারিখে কুইন্সের 122-07 15তম অ্যাভেনিউ এর "মাঙ্গু পাটিও"
৪ আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা পনেরজন পৃষ্ঠপোষককে মদ খাওয়ার সময় সরাসরি বারের বাইরে দাঁড়িয়ে থাকতে এবং জড়ো হতে ও মেলামেশা করতে দেখেন, সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করেন এবং মুখের আবরণ না পরে।

10 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 3496 ব্রডওয়ে ওরফে 540 ওয়েস্ট 143তম স্ট্রিটে "সোলেস বার এন্ড গ্রিল"
9ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রাত 12:50-এ দশজন গ্রাহককে মুখের আবরণ ছাড়া প্রাঙ্গণের সামনে জড়ো হয়ে মদ্যপান করতে দেখেন, নিউ ইয়র্ক শহরে বহিরঙ্গন ডাইনিং-এর জন্য রাত 11:00 টার কারফিউ অতিক্রম করে। একাধিক কর্মচারীকে মুখের আবরণ

ছাড়া দেখা গেছে, এবং রেস্টুরেন্টের ম্যানেজার তদন্তকারীদের জানিয়েছেন যে তিনি ভিড় নিয়ন্ত্রণ করতে পারছেন না। এছাড়াও সেই ম্যানেজার অনুমতি ছাড়া হুক্কা বিক্রি করার কথা স্বীকার করেছেন এবং এই প্রাঙ্গণটি সাইড-ওয়াক আটকানোর জন্য নিউ ইয়র্ক শহরের পরিবহন বিভাগের (New York City Department of Transportation, NYS DOT) বহিরঙ্গন নির্দেশিকা লঙ্ঘন করে বলে প্রমাণিত হয়েছে।

9ই আগস্ট, 2020 তারিখে কুইন্সের 29-01-19 24তম অ্যাভিনিউতে "বিয়ার গার্ডেন অ্যাট বোহেমিয়ান হল"

৪ই আগস্ট, তদন্তকারীরা এই প্রতিষ্ঠানকে সতর্ক করে দেন যে গ্রাহকদের প্রাঙ্গণের বাইরে দাড়িয়ে মদ্যপান করার অনুমতি দেওয়া হবে না। সেদিন সন্ধ্যায়, মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা কুড়িজন গ্রাহককে প্রতিষ্ঠানের বহিরঙ্গন এলাকায় দাড়িয়ে মদ্যপান করতে দেখেন, মুখের আবরণ ছাড়া এবং সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে। তদন্তকারীরা রেস্টুরেন্টে ঢুকে দেখেন যে বারের সামনে আরও কুড়িজন গ্রাহক পানীয়ের লাইনে দাড়িয়ে আছেন, যা 16ই মার্চ, 2020 থেকে বলবৎ গভর্নরের নির্বাহী আদেশ স্পষ্টরূপে লঙ্ঘন করে।

9ই আগস্ট, 2020 তারিখে, ম্যানহাটনের 1447-1457 সেন্ট নিকোলাস অ্যাভিনিউতে "লাকি সেভেন রেস্টুরেন্ট অ্যান্ড বার"

৪ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা পনেরজন গ্রাহককে সরাসরি প্রাঙ্গণের সামনে দাড়িয়ে মদ্যপান করতে দেখেন। সেখানের মালিক, যিনি পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন, দাবি করেন যে তিনি ভিড় নিয়ন্ত্রণ করতে পারছিলেন না; তবে, তদন্তকারীরা লক্ষ্য করেছেন যে বাইরে চমকানো আলোর সাথে অত্যন্ত জোরে চলা সঙ্গীত গ্রাহকদের দাড়িয়ে থাকতে এবং জড়ো হতে উৎসাহিত করছিল। এছাড়াও তদন্তকারীরা মুখের আবরণ ছাড়া পাঁচজন কর্মচারীকে নথিভুক্ত করেছেন।

9ই আগস্ট, 2020 তারিখে, অ্যাস্টোরিয়ার 25-51A স্টাইনওয়ে স্ট্রিটে "ক্যাফে এক্সপ্রেসো"

7ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা পনেরজন গ্রাহককে প্রাঙ্গণের সামনে জড়ো হয়ে মদ্যপান করতে দেখেন, সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে - বেশিরভাগই মুখের আবরণ ছাড়া। বহিরঙ্গন পরিষেবার জন্য টেবিল ছাড়া দশটি চেয়ার স্থাপন করা হয়েছিল, এবং প্রাঙ্গণের মালিককে মুখের আবরণ ছাড়াই দেখা গেছে।

9ই আগস্ট, 2020 তারিখে, ম্যানহাটনের 28-30 অ্যাভিনিউ B এর "দ্য হেয়ারি লেমন"

৪ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রাঙ্গণের বাইরে গ্রাহকদের মুখের আবরণ ছাড়াই দাড়িয়ে মদ্যপান করতে দেখেন এবং প্রতিপাদিত করেন যে এই অবস্থানটি বার-জাতীয় পরিষেবা পরিচালনা করছে, যথেষ্ট পরিমাণে খাদ্য ছাড়াই একাধিক গ্রাহকদের কাছে পানীয় বিক্রি করছে।

9ই আগস্ট, 2020 তারিখে, কুইন্সের 40-19 বেল বুলেভার্ডে "পিরামিডস হুকা অ্যান্ড বার"

৪ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা বারোজন গ্রাহককে বারের বাইরের সাইড-ওয়াকে দাঁড়িয়ে থাকতে দেখেছেন, বেশিরভাগই মুখের আবরণ ছাড়া, তারা জড়ো হয়ে মেলামেশা করার সাথে অবৈধভাবে মদ্যপান এবং হুঁকা পান করছিলেন।

9ই আগস্ট, 2020 তারিখে, ম্যানহাটনের 1451 সেন্ট নিকোলাস স্ট্রিটে "লা কাসা ডেল মোফোঙ্গো"

৪ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা এই প্রাঙ্গণ থেকে অত্যন্ত জোরে সঙ্গীত বাজতে শুনেছেন, যা সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে এবং মুখের আবরণ ছাড়াই প্রায় কুড়িজন গ্রাহককে প্রতিষ্ঠানের সামনে জড়ো হতে এবং মদ্যপান করতে উৎসাহিত করে। তদন্তকারীরা মুখের আবরণ ছাড়া চারজন কর্মচারীকে নথিভুক্ত করেছেন, যার মধ্যে রান্নাঘরের তিনজন সদস্য এবং একজন ম্যানেজার রয়েছেন। এছাড়াও তদন্তকারীরা চৌদ্দজন গ্রাহককে নিউ ইয়র্ক শহরে বহিরঙ্গন ডাইনিং-এর জন্য রাত 11টার কারফিউ অতিক্রম করে টেবিল পরিষেবার জন্য লাইনে দাড়িয়ে থাকতে লক্ষ করেন।

আগস্ট 8 2020 তারিখে ম্যানহাটনের 74 অর্চার্ড স্ট্রিটে অবস্থিত "লাস' ল্যাপ"

7 আগস্ট তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রায় পঁচিশজন পৃষ্ঠপোষককে পর্যবেক্ষণ করেন মুখের আবরণ ছাড়া টেবিলগুলির চারপাশে দাঁড়িয়ে এবং হাঁটু গেড়ে বসে, একসাথে ঠাসাঠাসি করে একটি ছোট তাঁবুতে, সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে। রেস্টুরেন্টের ভেতরে তদন্তকারীরা আটজন পৃষ্ঠপোষককে পর্যবেক্ষণ করেন - যাদের মধ্যে দুজন বসে ছিলেন - খাওয়া-দাওয়া করতে এবং মদ্যপান করতে, যা 16 মার্চ 2020 থেকে অবৈধ।

8 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 154 ওয়েস্ট 72তম স্ট্রিটে "ডার্ক বুলেট সাকি অ্যান্ড অয়েস্টার বার"

3য় আগস্ট তারিখে, স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ভবনের ভেতরে কয়েকজন গ্রাহককে মুখের আবরণ ছাড়াই বারে মদ্যপান করতে এবং পুল খেলতে দেখেন কোন খাবার পরিবেশন হওয়া ছাড়া। যখন তদন্তকারীরা প্রবেশ করেন, পনেরজন পৃষ্ঠপোষক তৎক্ষণাৎ অ্যালকোহলিক পানীয় নিয়ে ভবন থেকে বের হয়ে যায়।

8 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 68 ওয়েস্ট 3য় স্ট্রিটে "স্পাইসি মুন ভেগান সেজুয়ান"

7ই আগস্ট তারিখে, স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ভবনের ভেতরে আনুমানিক চোদ্দজন গ্রাহককে মুখের আবরণ ছাড়াই বারটিতে খাওয়া-দাওয়া ও মদ্যপান করতে দেখেন, যা মধ্যে দুইজন বারে এবং চারজন নাচছিলেন। উপরন্তু, তিনজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়াই আছেন বলে পর্যবেক্ষণ করা হয়। বাইরে পাঁচজন পৃষ্ঠপোষক দাঁড়িয়ে মুখের আবরণ ছাড়াই মদ্যপান করছিলেন।

8 আগস্ট 2020 তারিখে স্ট্যাটেন আইল্যান্ডের 1435 হাইল্যান বুলেভার্ডে "সিয়েলো রিস্টোরান্টে"

7 আগস্ট, স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স এর তদন্তকারীরা গভর্নরের 16 মার্চ 2020 থেকে কার্যকর নির্বাহী আদেশের সুস্পষ্ট লঙ্ঘন করে রেস্তোঁরাটির অভ্যন্তরে বেশ কয়েকজন পৃষ্ঠপোষককে টেবিলে বসে মদ্যপান করতে এবং খেতে দেখেন।

8 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 700 ওয়েস্ট 9তম স্ট্রিটে অবস্থিত "দ্য ওয়েল্যান্ড"
7 আগস্ট তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা অন্তত 13 জন পৃষ্ঠপোষককে বাইরের বারে দাঁড়িয়ে থাকতে দেখেন মুখের আবরণ ছাড়া। তদন্তকারীরা আরও লক্ষ্য করেন যে পৃষ্ঠপোষকদের বাইরের টেবিলে খাবার ছাড়াই পানীয় পরিবেশন করা হয়।

8 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 429 রজার্স এভিনিউতে অবস্থিত "গোল্ড রুম BK"
7 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা দুইজন পৃষ্ঠপোষককে ভবনের ভেতরে খাওয়া-দাওয়া এবং মদ্যপান করতে দেখেন, এবং অন্য দুজনকে দেখেন বারে দাঁড়িয়ে মদ্যপান করতে। উপরন্তু, তিনজন পৃষ্ঠপোষক এবং দুইজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়াই পর্যবেক্ষণ করা হয় সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে।

8 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 4404 এভিনিউ H এ অবস্থিত "হ্যালসি বার এন্ড গ্রিল"
7 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের ভেতরে দুজন পৃষ্ঠপোষককে মদ্যপান করতে দেখেন এবং ম্যানেজার সহ বেশ কয়েকজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়াই দেখেন। এছাড়াও ছয়জন পৃষ্ঠপোষককে সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে ভবনের সামনে দাঁড়িয়ে থাকতে দেখা যায়।

8 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 2281 নস্ট্র্যান্ড এভিনিউতে অবস্থিত "দ্য জুসি বক্স"
7ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা দশজন গ্রাহককে প্রাঙ্গণের বাইরে একটি টেন্টের নিচে জড়ো হয়ে দাড়িয়ে, মদ্যপান করতে দেখেন, সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে। পরিদর্শনের সময় উপস্থিত মালিক, এবং তার বেশ কয়েকজন কর্মচারী, মুখের আবরণ ছাড়াই ছিলেন। উপরন্তু, নিউ ইয়র্ক পুলিশ বিভাগের (NYPD) কর্মকর্তারা প্রাঙ্গণের ভিতর থেকে অবৈধ আতশবাজি উদ্ধার করেন এবং একটি সমন জারি করেন।

8ই আগস্ট, 2020 তারিখে, অ্যাস্টোরিয়ার 29-19 ব্রডওয়েতে অবস্থিত "আলিয়াডা"
7ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা বাইরে বেশ কয়েকজন গ্রাহককে জড়ো হয়ে, দাড়িয়ে থাকতে এবং মদ্যপান করতে দেখেন, সম্ভবত তারা বসার জন্য অপেক্ষা করছিলেন। উপরন্তু, এক ঝড়বৃষ্টির সময় ডাইনিং পরিষেবা প্রদান করার জন্য অভ্যন্তরে অসংখ্য টেবিলের ব্যবস্থা করা হয়।

7ই আগস্ট, 2020 তারিখে, ম্যানহাটনের 162 অ্যাভিনিউ B তে অবস্থিত "মেইডেন লেন"
6ই আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা লক্ষ করেন যে এই রেস্টুরেন্টটি পান করার জন্য এবং মাত্র 0.5-আউন্সের একটি অয়েস্টার ক্র্যাকারের প্যাকেটের সাথে 'নিয়ে যাওয়ার' জন্য মদ্য বিক্রি করছে - বারে মেলামেশা সীমিত করার জন্য পর্যাপ্ত খাবার পরিবেশন করার রাজ্যের প্রয়োজনীয়তার সুস্পষ্ট লঙ্ঘন করে। তদন্তকারীরা ছয়জন গ্রাহককে একটি ওয়াক আপ বারের বাইরের জানালায় পরিবেশন করা হচ্ছে বলে নথিভুক্ত করেন, প্রায় সতেরোজন গ্রাহক শুধুমাত্র

ক্র্যাকারের সাথে মদ্যপান করছিলেন, এবং আরেকজন গ্রাহক কোনো খাবার ছাড়া স্ট্রয়ের সাথে পরিবেশন করা দুটি মার্গারিটা অর্ডার করেন, এবং তারপর রাস্তা পার করে গাড়িতে উঠে পরেন।

7 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 14 ইস্ট 47তম স্ট্রিটে অবস্থিত "14 ইস্ট 47তম পাব ইনকর্পোরেটেড" ওরফে "কনোলি'স পাব"

6 আগস্ট তারিখে, স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের বাইরে একাধিক পৃষ্ঠপোশককে জড়ো হতে দেখেন যারা সামাজিক দূরত্বের নির্দেশিকা না মেনে রেস্টুরেন্টের ম্যানেজারের চোখের সামনেই দাঁড়িয়ে খোলা পাত্র থেকে পান করছিলেন।

7 আগস্ট 2020 তারিখে ব্রঙ্কসের 1854 ওয়েস্টচেস্টার এভিনিউতে অবস্থিত "অলিভিয়াজ রেস্টুরেন্ট এন্ড লাউঞ্জ"

6 আগস্ট তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা একাধিক পৃষ্ঠপোষককে মুখের আবরণ ছাড়াই রেস্টুরেন্টের বাইরে জড়ো হতে দেখেন যেখানে একটি স্পিকার থেকে জোরে গান বাজছিল পৃষ্ঠপোষকদের জড়ো হতে উৎসাহিত করে। চারজন পৃষ্ঠপোষককে বাইরের ডাইনিং এলাকার কাছে মুখের আবরণ ছাড়া দাঁড়িয়ে অ্যালকোহল খেতে দেখা যায় এবং দুইজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়া দেখা যায়।

7 আগস্ট 2020 তারিখে অ্যাস্টোরিয়ার 34-07 30তম অ্যাভেনিউ এর "ডমিনিজ"

6 আগস্ট, সন্ধ্যায় কর্মচারীদের মুখের আবরণ পরা এবং পৃষ্ঠপোশকদের বারে গিয়ে অর্ডার করার ব্যাপারে সতর্ক করার পর, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ফিরে আসেন এবং দেখেন চারজন পৃষ্ঠপোষক দাঁড়িয়ে মদ্যপান করছেন, ভেতরে দুজন পৃষ্ঠপোষক বার থেকে খাবার ছাড়া পানীয়ের অর্ডার দিচ্ছেন, এবং রান্নাঘরের কর্মীরা মুখের আবরণ ছাড়া আছেন।

7 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 238 ইস্ট 9বম স্টিটে অবস্থিত "ক্লয়েস্টার কাফে"

7 আগস্ট, নিউ ইয়র্ক সিটি শেরিফের অফিস (New York City Sheriff's Office) এই প্রতিষ্ঠানে আনুমানিক রাত 12.30-টায় - যা NYC এর রাত 11-টার কার্ফিউ এর সময়ের অনেক পরে - রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের কাছ থেকে সাহায্যের জন্য আবেদন জানায়। তদন্তকারীরা দেখেন রেস্টুরেন্টটি একটি নাইটক্লাব এবং হুঁকা লাউঞ্জ হিসেবে কাজ করছে একটি লাইভ DJ সহ, যেখানে অসংখ্য পৃষ্ঠপোষক সামাজিক দূরত্ব উপেক্ষা করছেন এবং মুখের আবরণ ছাড়াই ভবনের সামনে জড়ো হচ্ছেন, অন্তত কুড়ি জন পৃষ্ঠপোষক একটি স্থায়ী ছাদের নিচে মদ খাচ্ছেন, এবং খাদ্য কেনার জন্য কোন রসিদ নেই বলে নথিভুক্ত করেন। এই পরিদর্শনে তেত্রিশটি উল্লেখযোগ্য অগ্নি এবং জীবন নিরাপত্তা সংক্রান্ত লঙ্ঘন চিহ্নিত করা হয়েছে, যেখানে NYC শেরিফের অফিস সাতটি ফৌজদারি আদালতের সমন জারি করেছে।

6 আগস্ট 2020 তারিখে স্ট্যাটেন আইল্যান্দের 5 হায়াত স্ট্রিটে অবশিত "মারিজ"

5 আগস্ট তারিখে, স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের বাইরে একাধিক পৃষ্ঠপোশককে জড়ো হতে দেখেন যারা সামাজিক দূরত্বের নির্দেশিকা না মেনে দাঁড়িয়ে পান করছিলেন। উপরন্তু, তদন্তকারীরা একটি ওয়াক-আপ বার সার্ভিস খুঁজে পান যারা খাবার ছাড়া পানীয় বিক্রি

করছে, এবং মালিক সহ দুইজন কর্মচারীকে দেখেন মুখের আবরণ ছাড়াই। যখন তদন্তকারীরা মালিকের সাথে কথা বলেন, তিনি জোর দিয়ে বলেন যে তাকে তার নিজের প্রতিষ্ঠানে মুখের আবরণ পরতে হবে না যা গভর্নরের আদেশের সরাসরি লঙ্ঘন।

6 আগস্ট 2020 তারিখে ব্রঙ্কসের 1404 ওগডেন অ্যাভেনিউ এর "ফিনিক্স বার অ্যান্ড রেস্টুরেন্ট"
31 জুলাই তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা অত্যধিক জোরে গান শুনতে পান যখন তারা ভবনের কাছে আসছিলেন, মুখের আবরণ ছাড়া একজন নিরাপত্তা রক্ষীকে দেখতে পান, একটি লাইসেন্সবিহীন পার্কিং লট, যা নাইটক্লাবে রূপান্তরিত করা হয়েছে, সেখানে ছয়জন পৃষ্ঠপোষককে মদ্যপান করতে দেখেন। তদন্তকারীরা জানাচ্ছেন যে রেস্টুরেন্টটি মূলত একটি লাইভ DJ সহ হুকা লাউঞ্জ হিসেবে কাজ করছিল, রান্নাঘরে কোন খাবার ছাড়াই অ্যালকোহল পরিবেশন করছিল, এবং পাঁচজন কর্মচারী - একটি DJ এবং হুকা পরিবেশনকারী ছাড়াও- মুখের আবরণ ছাড়া ছিলেন।

6 আগস্ট 2020 তারিখে কুইন্সের 14-17 150তম স্ট্রিটে অবস্থিত "দ্য ভিলেজ গ্রিন"
5 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা দেখতে পান যে ভবনের দরজা বন্ধ, পর্দা টানা এবং একটি চিহ্ন ভেতরে দৃশ্যে বাধা সৃষ্টি করছে। তদন্তকারীরা সেখানে প্রবেশ করতে সক্ষম হন যখন একজন কর্মচারী মদের বোতল সহ আবর্জনা সরাতে সদর দরজা খোলে। ভিতরে, তদন্তকারীরা চারজন পৃষ্ঠপোষককে খাবার পরিবেশন ছাড়াই বারে মদ্যপান করছেন বলে নথিভুক্ত করেন এবং একজন বারটেন্ডারকে মুখের আবরণ ছাড়াই পৃষ্ঠপোষকদের কাছাকাছি আছেন বলে নথিভুক্ত করেন।

6 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 8810 4তম এভিনিউতে অবস্থিত "পন্টে ভেচিও রেস্টুরেন্ট"
5 আগস্ট তারিখে, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের ভেতরে বারোজন পৃষ্ঠপোশককে বসে খেতে দেখেন যা 16 মার্চ 2020 থেকে বেআইনি ঘোষণা করা হয়েছে। তদন্তকারীরা আনুমানিক আরো দশজন পৃষ্ঠপোশককেও দেখেন যারা মুখের আবরণ ছাড়া রেস্টুরেন্টের ভিতর দিয়ে হেঁটে পিছনের বারান্দায় জাচ্ছিলেন।

6 আগস্ট 2020 তারিখে ফ্রিপোর্টের 23 উডক্লেফট অ্যাভেনিউ এর "এলিওটস"
5 আগস্ট আনুমানিক সন্ধ্যা 06:30-টায় রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা একাধিক পৃষ্ঠপোষককে বাইরের বারে ঘুরে বেড়াতে এবং মদ্যপান করতে দেখেন, রান্নাঘরের কর্মীদের দেখেন মুখের আবরণ ছাড়া, এবং পরিচালকরা পৃষ্ঠপোশকদের খাবার ছাড়া পানীয় পরিবেশন করতে দেখেন। প্রাথমিকভাবে খাবারের অর্ডারের মিথ্যা রসিদ দেখানোর পর, ম্যানেজার স্বীকার করেন যে তিনি সেগুলো নকল করেছেন এবং অনুষ্ঠানস্থলটি একটি বার সার্ভিস চালাচ্ছে। সেদিন পূর্বে সন্ধ্যায় একাধিক লঙ্ঘনের সাথে ধরা পড়া সত্ত্বেও, ভবনটি তাদের কাজ জারি রাখে এবং দুই ঘন্টা পরে যখন তদন্তকারীরা ফিরে আসেন, তখন তারা দেখতে পায় যে প্রায় 100 জন পৃষ্ঠপোষক সেখানে ঠাসাঠাসি করে আছেন। তদন্তকারীরা ফ্রিপোর্ট পুলিশ ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করে এবং যখন পুলিশ আসে, তারা দেখতে পায় যে উনসত্তরজন পৃষ্ঠপোষক বাইরের বারে ভিড় করে কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়িয়ে আছেন, মদ্যপান করছেন এবং সামাজিক দূরত্ব উপেক্ষা করছেন।

6 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 131 বেরি স্ট্রিটে অবস্থিত "গ্র্যান টোরিনো"
4 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা তিনটি পৃথক টেবিলে ছয়জন পৃষ্ঠপোষককে পর্যবেক্ষণ করেন, যারা গভর্নরের নির্বাহী আদেশ, যা NYC-তে আভ্যন্তরীণ পরিবেশনের অনুমতি দেয় না, তা লঙ্ঘন করে খাওয়া-দাওয়া এবং পান করছেন।

6 আগস্ট 2020 তারিখে কুইন্সের 149-44 14তম অ্যাভেনিউ এর "দ্য এন্ড জোন"
5 আগস্ট তারিখে, স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ভবনের ভেতরে সাতজন পৃষ্ঠপোষককে ভিতরে পরিবেশন করা হচ্ছে বলে দেখেন - যা নিউ ইয়র্ক সিটিতে নিষিদ্ধ - একজন বারটেন্ডারের দ্বারা যিনি মুখের আবরণ পরে ছিলেন না।

5 আগস্ট 2020 তারিখে ব্রঙ্কসের 1353 এডওয়ার্ড এল গ্রান্ট হাইওয়েতে অবস্থিত "বেস্টিয়া কিচেন"
31 জুলাই তারিখে তদন্তকারীরা আটজন পৃষ্ঠপোষককে ভবনের সামনে দাঁড়িয়ে থাকতে দেখেন, ম্যানেজার সহ চারজন কর্মচারী ছাড়া - কোন মুখের আবরণ ছাড়াই। বাইরে জোরে গান বাজানো হচ্ছিল, পৃষ্ঠপোষকদের জড়ো হতে এবং গাড়িগুলিকে প্রতিষ্ঠানের সামনে ডাবল পার্কে করতে উৎসাহিত করে, যেখানে তদন্তকারীরা একজন পরিবেশককে নথিভুক্ত করেন যিনি মাস্ক পরে ছিলেন না, এবং খাবার ছাড়া পার্ক করা গাড়িতে পানীয় সরবরাহ করছিলেন। তদন্তকারীরা ভবনের ভেতরে তিনজন পৃষ্ঠপোষককে নথিভুক্ত করেন, একজন অ্যালকোহল পান করছিলেন এবং দুজন হুকা সেবন করছিলেন।

5 আগস্ট 2020 তারিখে ব্রঙ্কসের 1472 অগডেন এভিনিউতে "ও'সাইড রেস্টুরেন্ট এন্ড লাউঞ্জ"
2 আগস্ট, তদন্তকারীরা সরাসরি ভবনের সামনে নাইটক্লাবের মত পরিবেশ লক্ষ্য করেন, যেখানে জোরে গান চলছিল, অসংখ্য পৃষ্ঠপোষক ফুটপাথ অবরোধ করে, মদ্যপান, মেলামেশা করছিলেন, দাঁড়িয়ে ছিলেন এবং সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে। উপরন্তু, একজন নিরাপত্তা রক্ষীকে মুখের আবরণ ছাড়াই পর্যবেক্ষণ করা হয়।

5 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 744 মার্টিল এভিনিউতে অবস্থিত "আনাইয়াহ রেস্টুরেন্ট"
30 জুলাই রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ভবনের পিছনের উঠানে নির্মিত একটি শেডে 15 জন পৃষ্ঠপোষককে মদ্যপান এবং হুক্কি সেবন করতে দেখেন। পরিদর্শনের সময় রেস্টুরেন্টে কোন খাদ্য পরিষেবা উপলভদ ছিল না, এছাড়াও তদন্তকারীরা মুখের আবরণ ছাড়া তিনজন কর্মচারীকে নথিভুক্ত করেন।

5 আগস্ট 2020 তারিখে ব্রুকলিনের 2007-2011 এমনস এভিনিউতে "সিগনেচার অ্যান্ড ফ্যাবার্জ"
24 জুলাই NYPD-র কর্মকর্তারা গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করে এবং নিউ ইয়র্ক সিটিতে বাইরের খাবারের জন্য রাত 11টার কারফিউ উপেক্ষা করে ভবনের সামনে এবং ভেতরে প্রায় 150-200 জন পৃষ্ঠপোষককে পর্যবেক্ষণ করেন। NYPD জানিয়েছে যে তারা প্রতিষ্ঠানটিকে অসংখ্য সতর্কবার্তা জারি করেছে, এবং সেখানে সপ্তাহান্তে ক্রমাগত পুলিশের উপস্থিতির প্রয়োজন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন